0 5 MAY 1994
তারিখ: 0 5 MAY 1994
পৃষ্ঠা: ৩ কলাম: ৩
155

দৈনিক সংবাদ

# ১১ই মে থেকে শহীদ মিনারে শিক্ষকদের মহা অবস্থান

(নিজস্ব বার্তা পরিবেশক)

সারাদেশের বেসরকারী স্কুল-কলেজের শিক্ষক-কর্মচারীরা আগামী ১১ই মে বুধবার হতে কেন্দ্রীয় শহীদ মিনারে অনির্দিষ্টকালের জন্য মহাঅবস্থান ধর্মঘট শুরু করবেন।

শিক্ষকদের ওপর সরকারী হুমকি নির্যাতনের প্রতিবাদে এবং ৪ দফা দাবি আদায়ের লক্ষ্যে কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম-লিয়াজোঁ কমিটি ওই কর্মসূচী ঘোষণা করেছে। গতকাল বুধবার অনুষ্ঠিত লিয়াজোঁ কমিটির সভায় এ কর্মসূচী পালনের সিদ্ধান্ত নেয়া হয়। এতে সভাপতিত্ব করেন কমিটির অন্যতম আহ্বায়ক ডঃ মু, আখতারুজ্জামান।

বেসরকারী স্কুল-কলেজের শিক্ষক-কর্মচারীরা তাদের একদিনের বেতনের সরকারী অংশ (দেড় কোটি টাকা) কক্সবাজার ঘূর্ণি উপদ্রুত জনগণের মাঝে সাহায্য হিসেবে সরকারী ফান্ডের মাধ্যমে প্রদান করবেন বলে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত হয়।

সভায় গৃহীত এক প্রস্তাবে ঢাকা, টাঙ্গাইল, কালিহাতি, নেত্রকোনা, ঝাল-কাঠি প্রভৃতি অঞ্চলে ধর্মঘটী শিক্ষক-কর্মচারীদের (৫ শতাধিক) বিরুদ্ধে সন্ত্রাস

শিক্ষক ঃ পৃঃ ৭ কঃ ৮

## শিক্ষক ঃ মহা-অবস্থান

(১ম পৃষ্ঠার পর)

দমন আইনে যে মিথ্যা মামলা দায়ের করা হয়েছে তা অবিলম্বে প্রত্যাহারের দাবি করা হয়।

সভায় বলা হয়, ঢাকা মহানগরীর উদাহরণ দিয়ে গত সোমবার সরকার কর্তৃক জারিকৃত প্রেসনোটে পরীক্ষা সুষ্ঠু-ভাবে নেয়ার যে দাবি করা হয়েছে, সারাদেশের প্রেক্ষাপটে তা ভিত্তিহীন। প্রকৃত অবস্থা এই যে, ঢাকা শহরেও অধিকাংশ শিক্ষক পরীক্ষা বর্জন করেছেন।

সভায় গৃহীত অপর এক প্রস্তাবে কেন্দ্রীয় লিয়াজোঁ কমিটির কর্মসূচীর সাথে একাত্মতা প্রকাশ করে কালিয়াকৈর, সিঙ্গাইর, নীলফামারী, টাঙ্গাইল, ভেড়া-মারা, জয়পুরহাট, কুমারখালীসহ দেশের বিভিন্ন স্থানের শিক্ষকবৃন্দ আশরাফ-নজরুল গ্রুপের সঙ্গে সম্পর্ক ছিন্ন করায় তাদের অভিনন্দন জানানো হয়।

সভায় শিক্ষক নেতৃবৃন্দ উল্লেখ করেন যে, ধর্মঘট ভাঙ্গার জন্য, শিক্ষকদের পরীক্ষা নিতে বাধ্য করতে সরকার বিভিন্ন স্থানে বিভিন্নভাবে শিক্ষকদের ওপর চাপ সৃষ্টি করছে। বেতন বন্ধ করে দেয়া হবে বলে হুমকি দেয়া হচ্ছে। নেতৃবৃন্দ সরকারী এসব কর্মকান্ডের বিরুদ্ধে হুঁশিয়ারি উচ্চারণ করেন।

গতকালের সভায় বক্তব্য রাখেন শেখ আমানুল্লাহ, অধ্যক্ষ কাজী ফারুক আহ-মেদ, অধ্যক্ষ এ, কে, এম, জহিরুল হক, অধ্যাপক মনসুরুর রহমান, হেনা দাস, আজিজুল হক শাহ, হাজেরা বেগম, চৌধুরী, খুরশিদ আলম, এস, এম, হাবিবুর রহমান; অধ্যাপিকা এ, এন, রাশেদা, অধ্যাপক আবদুর রব মিয়া, জামাল উদ্দিন, হোসেন আরা প্রমুখ।